তারিখ ...15.1.83... ...
পৃষ্ঠা... ... ...1..কলাম...6... ...

ইত্তেফাক

# শিক্ষা ব্যবস্থায় নৈতিক ও আধ্যাত্মিক মূল্যবোধের সমন্বয় ঘটাইতে হইবে

—শিক্ষামন্ত্রী

বাসস জানায়, মালদ্বীপে অনুষ্ঠিত ৪ দিনব্যাপী ইসলামী সম্মেলনে মুসলিম দেশসমূহের আধুনিক শিক্ষাপদ্ধতিতে নৈতিক ও আধ্যাত্মিক মূল্যবোধের সমন্বয় ঘটানোর প্রয়োজনীয়তার প্রতি বাংলাদেশ গুরুত্ব আরোপ করিয়াছে। সম্মেলন শেষে স্বদেশে ফিরিয়া শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান গতকাল (শুক্রবার) এ কথা বলেন।

'দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ায় ইসলামের ভূমিকা' শীর্ষক সম্মেলন মালদ্বীপের রাজধানী মালিতে অনুষ্ঠিত হয়। সম্মেলনে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, লিবিয়া, মরিশাস, হংকং, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যাণ্ড, সিংগাপুর ও বার্মার মন্ত্রীবর্গ, সরকারী কর্মকর্তা এবং এতদসংক্রান্ত প্রজ্ঞাসম্পন্ন ব্যক্তিগণ অংশগ্রহণ করেন।

মন্ত্রী বলেন, মুসলমানদের মধ্যে ইসলামের উপর দৃঢ় বিশ্বাস স্থাপনে পরস্পর বিরোধ থাকায় মুসলমানরা বিশ্বে স্বকীয়তার সংকটে নিপতিত। মুসলিম দেশসমূহের আধুনিক শিক্ষা ব্যবস্থায় আধ্যাত্মিক ও নৈতিকতার অভাব এবং সর্বক্ষেত্রে ইসলামীকরণে আমাদের বিমুখতাই ইহার জন্য দায়ী বলিয়া তিনি মন্তব্য করেন।

এককালে অনেকেই ইসলামের জন্য জীবনদান করিয়াছেন এই প্রসঙ্গ উল্লেখ করিয়া মন্ত্রী বলেন, আমাদের এই যুগে আর উহা অনুসরণ করিতে হইবে না। তিনি বলেন, বর্তমান সমস্যা সমাধানে আমরা যখন সপ্তদশ শতাব্দীর উপায় গ্রহণ করি তখনই বিরোধের সূত্রপাত হয়। এ প্রসঙ্গে তিনি বলেন, স্বয়ং হযরত মোহাম্মদ (সঃ) পুরাতন পদ্ধতি পরিহার করিয়া নূতন উদাহরণ সৃষ্টি করিয়াছেন।

642